# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**22 JULY 2025** **7:45—7:55 PM IST**

==========================================================

(১) উপরাষ্ট্রপতি জগদীপ ধনকড়ের পদত্যাগ পত্র রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর গ্রহণ/

(২) রাজ্যের বিভিন্ন স্থানে উচ্ছেদ অভিযান অব্যাহত থাকবে বলে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মার তিনসুকিয়াতে মন্তব্য/

(৩) দেশের বেসরকারী এফ এম চ্যানেলের অনুজ্ঞা পত্র বাবদ ২০২৪-২৫ অর্থবছরে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের মোট ১৯৬ কোটি ২৮ লক্ষ টাকা উপার্জন/

এবং

(৪) খারিফ বিপণন মরশুমে কৃষকদের উৎপাদিত সামগ্রী ন্যুনতম সহায়ক মূল্যের সঠিক বাস্তবায়ন এবং স্বচ্ছতার সঙ্গে বাজারজাত করার ব্যবস্থা করা হবে বলে কাছাড়ের জেলা প্রশাসনের প্রকাশ/

---------------------------------------------------------------------------------

আগেই জানানো হয়েছে যে উপ - রাষ্ট্রপতি জগদীপ ধনখড় গতকাল স্বাস্থ্যজনিত কারনে পদত্যাগ করেছেন । রাষ্ট্রপতি শ্রীমতী মুর্মুকে পাঠানো এক পত্রে শ্রী ধনখড় উল্লেখ করেন যে চিকিৎসকের পরামর্শ অনুযায়ী স্বাস্থের যত্ন নেওয়ার জন্য তিনি তাৎক্ষনিকভাবে উপরাষ্ট্রপতি পদ থেকে অব্যাহতি চেয়েছেন । তার কার্যকালে সময়ে সময়ে নানাভাবে সহায়তা করার জন্য শ্রী ধনখড় রাষ্ট্রপতি শ্রীমতী মুর্মুর প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেছেন । শ্রী ধনখড় একইভাবে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সহ কেন্দ্রীয় মন্ত্রী পরিষদের প্রতিও ধন্যবাদ জ্ঞাপন করেছেন ।প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সহযোগীতা ও

সমর্থন অমূল্য বলে অভিহিত করে তিনি বলেন তার কার্যকালে যথেষ্ট অভিজ্ঞতা অর্জন করেছেন ।

ভারতের মতো বৃহৎ গনতান্ত্রিক দেশে উপরাষ্ট্রপতি হিসেবে লাভ করা অমূল্য অভিজ্ঞতার জন্য শ্রী ধনখড় সকলের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেছেন ।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী উপ - রাষ্ট্রপতি পদ থেকে অব্যাহতি গ্রহণ করা জগদীপ ধনখড়ের সুস্বাস্থ্য কামনা করেছেন । স্বাস্থ্যজনিত কারণে পদত্যাগ করা উপ- রাষ্ট্রপতির প্রতি শুভেচ্ছা জ্ঞাপন করে সামাজিক মাধ্যমে এক বার্তায় শ্রী মোদী বলেন যে দেশের উপ- রাষ্ট্রপতি সহ অন্যান্য গুরুত্বপূর্ন পদে কার্যনির্বাহের মাধ্যমে শ্রী ধনখড় দেশের প্রতি সেবা প্রদান করার বেশ কিছু সুযোগ লাভ করেছেন ।

-----------------------------------------------------------------------------------

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন যে- সমাজ এবং জাতির জন্যে জীবন উৎসর্গ করাই হচ্ছে বেঁচে থাকার সর্বোৎকৃষ্ট উপায় । শ্রীমতি মুর্মু আজ নতুনদিল্লির রাষ্ট্রপতি ভবনে ২০১৮-২০২১ সালের ৫২তম রাষ্ট্রপতি স্কাউট্‌স এবং গাইড্‌স পুরস্কার প্রদান অনুষ্ঠানে অংশগ্রহণ করে একথা বলেন । এই অনুষ্ঠানে রাষ্ট্রপতি ভারত স্কাউট্‌স ও গাইড্‌স'এর ষোলজন স্কাউট, গাইড, রিভার্স ও রেঞ্জারকে তাদের শৃঙ্খলাপরায়ণতা, সমাজসেবা, নেতৃত্ব প্রদানের ক্ষমতা এবং অমূল্য অবদানের স্বীকৃতি স্বরূপ পুরস্কার, শংসাপত্র দিয়ে সম্মানিত করেন । এতে ভাষণ প্রসঙ্গে রাষ্ট্রপতি শ্রীমতি মুর্মু বলেন যে- ভারত স্কাউট্‌স ও গাইড্‌স'এর মত সংগঠন তাদের দেশাত্মবোধ, নীতিজ্ঞান, সমাজসেবা ইত্যাদি আদর্শ সমূহ যুবসমাজের মধ্যে প্রবেশ করানোর প্রয়াস করছে ।

-----------------------------------------------------------------------------------

রাজ্যের বিভিন্ন স্থানে উচ্ছেদ অভিযান অব্যাহত থাকবে বলে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা আজ তিনসুকিয়ায় জানিয়েছেন । মুখ্যমন্ত্রী বলেন যে একটি নির্দিষ্ট প্রক্রিয়ার মাধ্যমে জমি দখলমুক্ত করা হবে । রাজ্যে প্রায় ২৯ লক্ষ বিঘা জমি বেদখল হয়ে রয়েছে বলে তিনি মন্তব্য করেন ।

এসম্পর্কে মুখ্যমন্ত্রী ড: শর্মা বলেন

বাইট ---

-----------------------------------------------------------------------------------

তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় দেশের বেসরকারী এফ এম চ্যানেলের অনুজ্ঞা পত্র বাবদ ২০২৪-২৫ অর্থবছরে মোট ১৯৬ কোটি ২৮ লক্ষ টাকা উপার্জন করেছে । এই পরিমাণ বিগত অর্থবছরের তুলনায় প্রায় দশকোটি টাকা বেশি । এদিকে মন্ত্রণালয় ডি টি এইচ অর্থাঘ ডাইরেক্ট টু হোম টেলিভিশন সেবা থেকে ২০২৪-২৫ অর্থবছরে মোট ৬৪৮ কোটি ৭৩ লক্ষ টাকা উপার্জন করেছে । এই অর্থ বিগত ২০২৩-২৪ অর্থবছরের তুলনায় প্রায় ১৩ কোটি টাকা কম । সরকারী সূত্রে নতুনদিল্লিতে জানানো হয়েছে যে- ভারত কোষ পোর্টালের মাধ্যমে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় বিগত অর্থবছরে এক হাজার বারো কোটি ৩৯ লক্ষ টাকা উপার্জন করেছে । সরকারী বিজ্ঞপ্তিতে বলা হয়েছে যে- ২০২৫ সালে দেশে ডি ডি ফ্রি ডিশ, ডিশ টিভি, এয়ারটেল ডিজিট্যাল টিভি, টাটা প্লে এবং সান ডাইরেক্ট ডি টি এইচ সেবার গ্রাহকের সংখ্যা কমে পাঁচ কোটি ৬৯ লক্ষ হয়েছে । ২০২০ সালে দেশে ডি টি এইচ সেবা গ্রহণ করা গ্রাহকের সংখ্যা সাত কোটি ২৬ লক্ষ থেকে কমে বর্তমান সময়ে প্রায় দুই কোটি ২৬ লক্ষ হয়েছে । দেশে ইন্টারনেট টেলিভিশনের প্রসার এবং মোবাইল ফোনের মাধ্যমে টেলিভিশন চ্যানেল পাওয়া যাওয়ার জন্যেই ডি টি এইচ গ্রাহকের সংখ্যা দ্রুতগতিতে হ্রাস পেয়েছে বলে জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

প্রসার ভারতীর মুখ্য কার্যবাহী আধিকারিক ও এশিয়া-পেসিফিক ইনস্টিটিউট ফর ব্রডকাস্টিং ডেভেলপমেন্ট (এ আই বি ডি)'এর সাধারণ সম্মেলনের সভাপতি গৌরব দ্বিবেদী বলেছেন যে- প্রসার ভারতী ভবিষ্যতের প্রয়োজনীয়তা পূরণের জন্যে সংবাদ কক্ষে কৃত্রিম বুদ্ধিমত্তা-চালিত সমাধানের পাইলট প্রোজেক্ট রূপায়ণ করছে। কম্বোডিয়ার সিয়েম রিপ'এ বিংশতিতম এশিয়া মিডিয়া সম্মেলনের উদ্বোধনী অধিবেশনে শ্রী দ্বিবেদী একথা বলেন । তিনি কৃত্রিম বুদ্ধিমত্তার দ্রুত বিবর্তন সংবাদ এবং সম্প্রচার শিল্পকে মৌলিকভাবে নতুন রূপ দিচ্ছে বলে মত প্রকাশ করেছেন । একইসঙ্গে এই লক্ষ্যকে সামনে রেখে প্রসার ভারতী স্বয়ংক্রিয় কন্টেন্ট কিউরেশন আরম্ভ করেছে, তথ্য সমূহের পরীক্ষা নিরীক্ষা বৃদ্ধি করেছে এবং ঘটনার অর্ন্তনিহিত কাহিনী বলার উপর গুরুত্ব আরোপ করেছে । শ্রী দ্বিবেদী আরো বলেন যে- ভারতের জনসেবা সম্প্রচারের মূলে সবাইকে অর্ন্তভুক্ত করার নীতি সম্পৃক্ত রয়েছে । তিনি দূরদর্শনের ফ্রি ডিশ প্ল্যাটফর্ম এবং আকাশবাণীর ডিজিট্যাল পদক্ষেপের মাধ্যমে এই দুটি মাধ্যমের প্রসারতা বৃদ্ধি হয়েছে বলে উল্লেখ করে প্রত্যেক নাগরিককে বিশ্বাসযোগ্য সংবাদ, শিক্ষা এবং মনোরঞ্জনের সুবিধা লাভের বিষয়গুলি নিশ্চিত করা হয়েছে বলে জানান । তিনি আরো জানান যে- প্রসার ভারতীর 'ওয়েব্‌স' ও টি টি এই দৃষ্টিভঙ্গীকে এক নতুন ডিজিট্যাল

সাংস্কৃতিক আন্দোলনের মঞ্চ হিসেবে চিহ্নিত করেছে । তিনি ভারতের সাংস্কৃতিক ও ভাষিক বৈচিত্রকে প্রতিনিধিত্ব করা এবং তাকে উদযাপন করার বিষয় সমূহ নিশ্চিত করে বহুভাষিক কার্যসূচী এবং আঞ্চলিক প্রচারের প্রতি প্রসার ভারতীর দায়বদ্ধতাকে পুনরায় উল্লেখ  করেছেন ।

--------------------------------------------------------------------------------------

আসাম ও মেঘালয়ে পাঁচদিনের সফরসূচী নিয়ে আকাশবানীর সঞ্চালক প্রধান ড: প্রজ্ঞা পালিয়াল গৌড় আজ শিলং এ পৌঁছেছেন । শিলং এ যাওয়ার সময় গৌহাটিতে সঞ্চালকপ্রধানকে আজ আকাশবানীর উত্তরপূর্বাঞ্চলের অতিরিক্ত সঞ্চালক প্রধান আশীষ ভাটনগর , উপসঞ্চালক প্রধান রবীন চন্দ্র বড়ো  , আকাশবানী গৌহাটীর উপ - সঞ্চালক প্রধান ওয়ালিউল্লা খান , আকাশবানী গৌহাটীর সংবাদ বিভাগের প্রধান রাজীব লোচন বরঠাকুর সহ অন্যান্য আধিকারিকরা  স্বাগত জানান ।

আগামীকাল তিনি আকাশবানী শিলঙের ৯০ বছর পূর্তি উপলক্ষে আয়োজিত এক সংগীতানুষ্ঠানে অংশ গ্রহণ করবেন । ২৪ শে জুলাই তিনি শিলং এ মেঘালয়ের আকাশবাণী কেন্দ্রগুলির কাজের পর্যালোচনা করবেন । ২৫ শে জুলাই বিকেলে ড: গৌড় গৌহাটীতে আসবেন ও ২৬ শে জুলাই তিনি গৌহাটীতে আসামের আকাশবানী কেন্দ্রগুলির কাজের পর্যালোচনা করবেন । ২৭ শে জুলাই তিনি নতুনদিল্লীতে ফিরে যাবেন ।

--------------------------------------------------------------------------------------

কাছাড় জেলায় খারিফ বিপণন মরশুম জেলার কৃষকদের জন্য স্বচ্ছ ও সুষ্ঠু ধান সংগ্রহ প্রক্রিয়া নিশ্চিত করতে আজ জেলা আয়ুক্ত মৃদুল যাদবের পৌরহিত্যে আয়ুক্তের সভাকক্ষে এক বৈঠক অনুষ্ঠিত হয় । আজকের সভায় সময়মতো ধান সংগ্রহ , পরিকাঠামো প্রস্তুতি , মান নিয়ন্ত্রন এবং বিভিন্ন বিভাগের মধ্যে সমন্বয় রক্ষার ওপর গুরুত্ব  আরোপ করা হয়েছে ।  বৈঠকে জেলা আয়ুক্ত শ্রীযাদব জানান যে জেলা প্রশাসন নূন্যতম সহায়ক মূল্যের সঠিক বাস্তবায়ন এবং স্বচ্ছতার সঙ্গে কৃষকদের উৎপাদন বাজারজাত করার  ব্যবস্থা করবে । তিনি জানান যে কৃষক ও মিল মালিক উভয়ের স্বার্থ সুরক্ষিত রেখে লক্ষ্য পূরনে এক সঙ্গে কাজ করা হবে । আজকের বৈঠকে ভারতীয় খাদ্য নিগম , খাদ্য দপ্তর , কৃষক ও মিল মালিক সমিতির প্রতিনিধিরা অংশ গ্রহন করেন ।

--------------------------------------------------------------------------------------

কাছাড় জেলা প্রশাসন ও শিলচর পৌর নিগমের যৌথ উদ্যোগে গতকাল শিলচর কোর্ট প্রাঙ্গন থেকে সদরঘাট পর্য্যন্ত পরিকল্পিত উচ্ছেদ অভিযান চালানো হয়েছে । গত

সপ্তাহে ফুটপাত ব্যবসায়ীদের আগে জানানোর জন্য ব্যবসায়ীরা স্বেচ্ছায় সরে যান । পৌর নিগমের আয়ুক্ত সৃষ্টি সিং জানিয়েছেন যে আইন অমান্যকারীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহন করা হবে । এদিকে উচ্ছেদ অভিযান নিয়ে জেলা আয়ুক্ত মৃদুল যাদব জানান , শিলচর শহরবাসীর অধিকার পুনরুদ্ধারে এই অভিযান আগামীতেও অব্যাহত থাকবে ।

---------------------------------------------------------------------------------

হাইলাকান্দির নব নিযুক্ত জেলা আয়ুক্ত অভিষেক জৈন আজ জেলার কর্মরত সাংবাদিকদের সঙ্গে মত বিনিময় করেন । জেলা আয়ুক্তের কার্য্যলয়ের সভাকক্ষে আয়োজিত মত বিনিময় অনুষ্ঠানে আয়ুক্ত শ্রী জৈন উন্নয়নমূলক কাজকর্মকে আরো তরান্বিত করতে সাংবাদিকদের কাছ থেকে পরামর্শ গ্রহন করেন । জেলা আয়ুক্ত শ্রী জৈন হাইলাকান্দি জেলার সার্বিক উন্নয়নে একাধিক জনকল্যানমূলক প্রকল্পের সঠিক বাস্তবায়নে অগ্রাধিকার দেওয়া হবে বলে জানান ।

---------------------------------------------------------------------------------

লক্ষীপুর জেলা ক্রীড়া সংস্থা আয়োজিত দীনেশ প্রসাদ গোয়ালা স্মৃতি প্রাইজমানী নক আউট ফুটবল প্রতিযোগীতার আজকের খেলায় সিংগেরবন্দ ফুটবল একাডেমী ২-১ গোলে নাইথাং এফ সি দলকে পরাজিত করে ।

পয়লাপুল খেলার মাঠে আয়োজিত প্রতিযোগীতার আগামীকালের খেলায় চিক্কুর এফ সি , নাংকেই এফ সি-দলের বিরুদ্ধে খেলবে ।

---------------------------------------------------------------------------------